দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 1 2 MAY 1989
পৃষ্ঠা ... কলাম ...



# 'ঘোড়া ঘাস খায়' এর ইংরেজী কি?

(নিজস্ব প্রতিনিধি)

পাবনা, ১২ই মে।—কিছু সংখ্যক সহকারী তহসিলদার নিয়োগের জন্য জেলা প্রশাসকের অফিসে আবেদনকারীদের ইন্টারভিউ নেয়া হয়। তাদের মধ্যে একাধিক মাস্টার ডিগ্রীধারী রয়েছে।

কিন্তু ইন্টারভিউ বোর্ড তাদের জ্ঞানের বহর দেখে বিস্মিত হন।

জেলা প্রশাসক জানান, আবেদনকারীদের কিছু মৌখিক প্রশ্ন করা হয়। জবাব শুনে বোর্ডের পক্ষে বিশ্বাস করা মুশকিল হয়ে পড়ে যে, আদৌ তাদের কোন শিক্ষাগত যোগ্যতা আছে কিনা।

একজন মাস্টার ডিগ্রীধারীকে 'ঘোড়া ঘাস খায়'-এর ইংরেজী করতে বলা হলে তিনি বলেন, 'হর্স ইট রাইচ'।

অপর একজনকে 'আমি তোমাকে খাওয়াবো' বাক্যের ইংরেজী করতে বলা হয়। তিনি বলেন, 'আই ইট ইউ'। তাকে পুনরায় শুদ্ধ করে বলতে বললে তিনি বলেন, 'আই মাস্ট ইট ইউ'।

এসব মাস্টার ডিগ্রীধারীর ইংরেজীর জ্ঞান দেখে ইন্টারভিউ বোর্ডের সবাই বিস্মিত হন।